



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ



বিজ্ঞপ্তি নম্বর: ৬২/২০২২

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

তারিখ: ০৬ বৈশাখ ১৪২৯
১৯ এপ্রিল ২০২২

৮টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠানে 'সিনিয়র অফিসার (সাধারণ)' (Job ID-10146) এর
২০২০ সাল ভিত্তিক ১০৬৯টি শূন্য পদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ
পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রবেশপত্র ডাউনলোড প্রসঙ্গে।

ব্যাংকার্স সিলেকশন কমিটির তত্ত্বাবধানে ৮টি ব্যাংক ও ১টি আর্থিক প্রতিষ্ঠান (সোনালী ব্যাংক লি., জনতা ব্যাংক লি., রূপালী ব্যাংক লি., বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি., বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক, কর্মসংস্থান ব্যাংক ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ)-এ 'সিনিয়র অফিসার (সাধারণ)' (Job ID-10146) এর ২০২০ সাল ভিত্তিক ১০৬৯টি শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://erecruitment.bb.org.bd>) আপলোড করা হয়েছে।

পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ১৯/০৫/২০২২ তারিখের মধ্যে শুধুমাত্র উপরোক্ত ওয়েবসাইট হতে প্রবেশপত্র সংগ্রহের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। পরীক্ষার তারিখ, সময় এবং পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের ওয়েবসাইটে এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।

উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে কোনো অবস্থাতেই প্রার্থীদের প্রবেশপত্র সংগ্রহের সুযোগ থাকবে না। এ বিষয়ে যে কোন প্রয়োজনে প্রার্থীদের info.bsccs@bb.org.bd ই-মেইলে যোগাযোগ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

স্বাক্ষরিত/-

(মোঃ সাঈদুর রহমান খান)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য সচিব, বিএসসি।